

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪১৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮) মাঠে-ময়দানে নামায আদায় করার ব্যাপারে উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلاة في الفلاة

## আরবী

(صحيح) و عَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدِرِيْ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلَاةُ فِي الجَمَاعَةِ تَعْدِلُ خَمْسًا وَعِشْرِينَ صَلَاةً فَإِذَا صَلَّاهَا فِي فَلَاةٍ فَأَتَمَّ رُكُوعَهَا وَسُجُودَهَا بَلَغَتْ خَمْسِينَ صَلَاةً رواه أبو داود ورواه الحاكم بلفظه وقال صحيح على شرطهما وصدر الحديث عند البخاري وغيره ورواه ابن حبان في صحيحه

## বাংলা

قال الحافظ رحمه الله: وقد ذهب بعض العلماء إلى تفضيلها على الصلاة في الجماعة

হাফেয (রহঃ) বলেনঃ বিদ্বানদের মধ্যে কেউ কেউ মত পোষণ করেছেন যে জামাআতের সাথে নামায পড়ার চেয়ে মাঠে-ময়দানে নামায আদায় করা অধিক ফ্যীলতপূর্ণ।

8১৩. (সহীহ্) আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''জামাআতের সাথে নামায আদায় করলে ২৫গুণ বেশী ছোয়াব লাভ করা যায়। কিন্তু যদি উক্ত নামায মাঠে আদায় করা হয় এবং তার রুকৃ' এবং সেজদাগুলো পরিপূর্ণরূপে আদায় করা হয় তাহলে সেটা হয় ৫০গুণ বেশী ফ্যীলতপূর্ণ।''

(আবু দাউদ ৫৬০, হাকেম ১/২০৮, ইবনে হিব্বান ১৭৪৬। হাকেম বলেন, হাদীছটি বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী ছহীহ্। হাদীছটির প্রথমাংশ বুখারী প্রমূখ বর্ণনা করেছেন।)

তবে ইবনে হিব্বানের বর্ণনায় বলা হয়েছেঃ তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ



صلاة الرجل في جماعة تزيد على صلاته وحده بخمس وعشرين درجة فإن صلاها بأرض قي فأتم ركوعها وسجودها تكتب صلاته بخمسين درجة

"একাকী নামায পড়ার চেয়ে জামাআতে নামায পড়লে ২৫ গুণ বেশী ছোয়াব হয়। কিন্তু যদি ঐ নামায কোন খোলা মাঠে আদায় করে এবং তার রুকু' ও সেজদা পরিপূর্ণরূপে আদায় করে, তাহলে ঐ নামাযে ৫০গুণ বেশী মর্যাদা লিখা হয়।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88184

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন